মেহেরপুরে ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের স্বাধীনতা দিবস পালন

মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে মেহেরপুরের অন্যতম সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন “ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর” এর আয়োজনে শুক্রবার বিকালে মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন, আলোচনা সভা, কবিতা আবৃত্তি ও ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন, “ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর” এর সভাপতি অ্যাডভোকেট এম. আনোয়ার হোসেন। বিশেষ অতিথি ছিলেন সংগঠনের সহ-সভাপতি নূরুল আহমেদ এবং নাট্য ও সাংস্কৃতিক সম্পাদক সাইদুর রহমান।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কবি ও গীতিকার বাশরী মোহন দাস, সংগঠনের প্রচার ও প্রকাশনা সম্পাদক আবু নায়েছ লাবলু, সদস্য মোঃ শাহজাহান, আবুল হাসেম, কবি মাহফুজা সুলতানা সুমি, শিল্পী ও কবি আসাদুল ইসলাম খোকন প্রমুখ।

সংগঠনের সাধারণ সম্পাদক মেহের আমজাদের সঞ্চালনায় অনুষ্ঠানে কবিতা আবৃত্তিতে অংশগ্রহণ করেন কবি ম. গোলাম মোস্তফা, মুহাম্মদ মহসীন, এস. এম. এ. মান্নান, বাশরী মোহন দাস, শফিকুর রহমান সেন্টু, নূর হোসেন, সাইফুল ইসলাম ও বদরুদ্দোজা বিশ্বাস প্রমুখ।

সাংস্কৃতিক মন্দাভাব কাটিয়ে ‘হিন্দোল কুষ্টিয়া’র বসন্ত

মেলা

দীর্ঘদিনের সাংস্কৃতিক স্থবিরতা কাটিয়ে আবারও প্রাণ ফিরে পেল কুষ্টিয়ার সাংস্কৃতিক অঙ্গন। ‘হিন্দোল কুষ্টিয়া’র উদ্যোগে জেলা শিল্পকলা একাডেমির আঙিনায় শুরু হয়েছে সংগঠনের ২৬ বছর পূর্তি উপলক্ষে ৮ দিনের বসন্ত মেলা ও সাংস্কৃতিক উৎসব।

বর্ণিল আয়োজনে সেজে ওঠা এই উৎসব যেন হয়ে উঠেছে শিল্পী- সংস্কৃতিকর্মীদের এক প্রাণের মিলনমেলা।

কুষ্টিয়াসহ দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা ‘হিন্দোল’-এর বর্তমান ও প্রাক্তন শিল্পীরা এক মঞ্চে মিলিত হয়ে তৈরি করেছেন আবেগঘন এক পরিবেশ।

অনুষ্ঠানের সূচনায় সঙ্গীত পরিবেশন করেন শিল্পী ইমা ইসলাম, রোকসানা পারভীন, প্রমীত হাসান, সৃষ্টি, সুজন রহমান, হাসান হুসাইন, নন্দিতা, রূপন্তী, তিশা, সৃজন, এসএম টিপু সুলতান ও শুভায়ন বিশ্বাস। তাঁদের সুরে সুরে মুখর হয়ে ওঠে পুরো প্রাঙ্গণ।

বিশেষ আকর্ষণ হিসেবে ছিলেন প্রথিতযশা কিবোর্ডিস্ট প্রতীক হাসান, যার সুরেলা পরিবেশনা দর্শকদের মুগ্ধ করে।

আয়োজকরা জানান, ‘হিন্দোল কুষ্টিয়া’ সবসময়ই সুস্থ ধারার সংস্কৃতি চর্চায় বিশ্বাসী। নতুন প্রজন্মকে শুদ্ধ সংস্কৃতির পথে উদ্বুদ্ধ করা এবং স্থানীয় শিল্পীদের জন্য একটি শক্ত মঞ্চ তৈরি করাই তাঁদের মূল লক্ষ্য।

উৎসব চলাকালীন প্রতিদিন থাকছে গান, নৃত্য, আবৃত্তি ও বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা। দর্শকদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে প্রতিদিনই জমে উঠছে আয়োজন।

এই বসন্ত মেলা ও সাংস্কৃতিক উৎসব কুষ্টিয়ার সাংস্কৃতিক অঙ্গনে নতুন করে প্রাণের সঞ্চার করবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা।

মেহেরপুরে ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের উদ্যোগে মহান বিজয় দিবস পালন

মহান বিজয় দিবস উপলক্ষে মেহেরপুর জেলার অন্যতম সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরএর আয়োজনে আলোচনা সভা, কবিতা পাঠ ও সম্মাননা স্মারক প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকেলে মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সভাপতি আলহাজ্ব অ্যাডভোকেট এম. আনোয়ার হোসেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি ডা. এম. এ. বাশার। বিশেষ অতিথি ছিলেন সহ-সভাপতি নূরুল আহমেদ ও সহ-সভাপতি রফিকুল আলম।

আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের সহযোগী অধ্যাপক (অবসরপ্রাপ্ত) আব্দুল মজিদ, ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সাবেক সাধারণ সম্পাদক সায়েদুর রহমান সাজু, নাট্য ও সাংস্কৃতিক সম্পাদক সাইদুর রহমান, কবি ও সাংবাদিক জি. এফ. মামুন লাকী, নির্বাহী কমিটির সদস্য নিলুফার বানু, কবি বাশরী মোহন দাস, কবি আবুল হাসেমসহ অন্যান্য অতিথিবৃন্দ।

বিজয় দিবস-২০২৫ উপলক্ষে আইন, সমাজসেবা ও সংগঠনে বিশেষ অবদানের জন্য ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সভাপতি আলহাজ্ব অ্যাডভোকেট এম. আনোয়ার হোসেন, চিকিৎসা ও সমাজসেবায় অবদানের জন্য সিনিয়র সহ-সভাপতি ডা. এম. এ. বাশার এবং কবিতা ও গীতিকলাপের জন্য কবি ও গীতিকার ম. গোলাম মোস্তফাকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

অনুষ্ঠানে কবিতা পাঠ করেন কবি ম. গোলাম মোস্তফা, বাশরী মোহন দাস, সায়েদুর রহমান সাজু, এস. এম. এ. মান্নান, শহিদুল ইসলাম কানন, রফিকুল ইসলাম, মহিবুল ইসলাম, আসাদুল ইসলাম খোকন, মাইশা ফারজানা ঐশী, ফাতেমা ফিরোজসহ আরও অনেকে।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সাধারণ সম্পাদক মেহের আমজাদ।

মেহেরপুর সরকারি কলেজে নবীন বরণ ও সাংস্কৃতিক উৎসব

রঙিন সাজ, আনন্দ উল্লাস আর মধুর আবহে অনুষ্ঠিত হলো ঐতিহ্যবাহী মেহেরপুর সরকারি কলেজের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

নবীণবরন উপলক্ষে আজ বৃহস্পতিবার কলেজ ক্যাম্পাসজুড়ে সকাল থেকেই ছিল উৎসবের আমেজ-রঙিন ব্যানার, ফুলের মালা। এসময় নবীন-প্রবীণের উপস্থিতিতে মুখরিত হয়ে ওঠে পুরো পরিবেশ।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, প্রধান উপদেষ্টার একান্ত সহকারী (ঐকমত্য) ও সাংবাদিক মনির হায়দার। তিনি নবীন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন-‘নতুন পথচলা শুধু বইয়ের জ্ঞান নয়, মানুষের মতো মানুষ হয়ে ওঠারও পথ দেখায় কলেজ জীবন। স্বপ্ন বড় হবে, পথ চলা হোক আলোকিত।’

কলেজের অধ্যক্ষ এ কে এম নজরুল কবীরের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল ইসলাম, মেহেরপুর জেলা শিক্ষক পরিষদের সম্পাদক খেজমত আলী মালিথা।

অতিথিরা বলেন, তারা নতুন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে শিক্ষার মানোন্নয়ন, শৃঙ্খলা ও মানবিক মূল্যবোধে বড় হয়ে ওঠার আহ্বান জানান। এছাড়া কো-কারিকোলাম অ্যাক্টিভিটিস, সামাজিক কার্যক্রমসহ মানবিক মূল্যবোধ সৃষ্টির মধ্য দিয়ে কলেজকে বিশ্বের বুকে তুলে ধরার পাশাপাশি একটি মানবিক সমাজ গঠন করার আহ্বান জানান।

নবীনদের পক্ষ থেকে বক্তব্য দেন একাদশ শ্রেণির মানবিক বিভাগের ছাত্র বিধান শেখ এবং দ্বাদশ শ্রেণির ছাত্র উলফাতুন নেছা

পূর্ণিমা।

অনুষ্ঠানের সবচেয়ে আকর্ষণীয় মুহূর্ত ছিল ফুল ছিটিয়ে নবীনদের বরণ করে নেওয়া। প্রবীণ শিক্ষার্থীরা হাতে রঙিন পাপড়ি ছিটিয়ে নবীনদের স্বাগত জানালে ক্যাম্পাসজুড়ে তৈরি হয় উৎসবমুখর এক আবহ।

পরে মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠানে গান, নৃত্য, কবিতা আর নাট্য পরিবেশনায় মাতিয়ে রাখেন কলেজের শিক্ষার্থীরা।

মেহেরপুরে ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সাহিত্য বাসর

মেহেরপুরের ঐতিহ্যবাহী সংগঠন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর এর আয়োজনে মাসিক সাহিত্য বাসর অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে এ অনুষ্ঠান আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সভাপতি অ্যাড. এম. আনোয়ার হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের সহ-সভাপতি নূরুল আহমেদ, নাট্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মোঃ সাইদুর রহমান এবং উপদেষ্টা মীর রওশান আলী মনা।

সাহিত্য বাসর পরিচালনা করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সাধারণ সম্পাদক মেহের আমজাদ। কবিতা আবৃত্তিতে অংশ নেন কবি ম. গোলাম মোস্তফা, এস. এম. এ. মান্নান নূর আলম, আবু লায়েছ লাবলু, সাদিকুজ্জামান সেন্টু, মোঃ শাহজাহান, নূর হোসেন, শহিদুল ইসলাম কানন, সাইফুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর নিয়মিত সাহিত্যচর্চার মধ্য দিয়ে মেহেরপুরসহ সারাদেশে সাহিত্য ও সংস্কৃতির বিকাশে কাজ করে যাচ্ছে।

আলমডাঙ্গা বাউল সাধুগুরু ফাউন্ডেশনের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান

আলমডাঙ্গা বাউল সাধুগুরু ফাউন্ডেশনের উদ্যোগে শরৎকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৬টার সময় আলমডাঙ্গার স্টেশনরোডে বাউল সাধুগুরু ফাউন্ডেশনের অফিসে পুরস্কার বিতরণী পূর্ব আলোচনা সভায় সভাপতিত্ব করেন, আলাউদ্দিন বাউল সাধুগুরু ফাউন্ডেশনের পরিচালক কবি গোলাম রহমান চৌধুরী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলার সুযোগ্য উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম। তিনি বলেন, আপনারা যারা সাংস্কৃতিক সংগঠনের সাথে জড়িত তারা সবসময় নিজেদেরকে সঠিক পথে চলার চেষ্টা করেন। আমি আশা করবো আলমডাঙ্গা সাংস্কৃতিক অঙ্গনে আপনাদের উপস্থিতি সকলকে বিকশিত করবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, একরামুদৌল্লা ঝিন্টু। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন পলাশ আহমেদ, ইয়ামিন আলী, শফিকুর রহমান জীবন, পলাশ আহমেদ, কবি সিদ্দিকুর রহমান, জয়ন্ত বিশ্বাস, রাজিব, ইসমাইল হোসেন, ইয়ামিন আলী, রফি উদ্দিন, বাবলু, প্রমুখ।

সংগঠনের পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কে প্রধান অতিথি হিসেবে ক্রেস্ট তুলে দেয়া হয়। প্রধান অতিথি সকল শিল্পীদের বিশেষ পুরষ্কারে ভূষিত করেন।

মেহেরপুরে ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

মেহেরপুরের অন্যতম প্রাচীন সাংস্কৃতিক সংগঠন “ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বর” তাদের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করেছে। গতকাল রবিবার বিকেলে মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে ছিল আলোচনা সভা, কবিতা পাঠ এবং সাহিত্য সংস্কৃতি বিষয়ক পত্রিকা স্রোতের ১৯০তম সংখ্যার মোড়ক উন্মোচন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, সংগঠনের সভাপতি অ্যাড. এম. আনোয়ার হোসেন। প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ আবদুল্লাহ আল-আমীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সংগঠনের সিনিয়র সহ-সভাপতি ডা. এম. এ. বাশার, সহ-সভাপতি নূরুল আহমেদ এবং রফিকুল আলম।

স্বাগত বক্তব্য রাখেন, সহ-সভাপতি নূরুল আহমেদ। আলোচনা সভায় বক্তব্য রাখেন, নাট্য ও সাংস্কৃতিক সম্পাদক সাইদুর রহমান, অবসরপ্রাপ্ত শিক্ষক সুশীল চক্রবর্তী, সাহিত্য সম্পাদক মিনা পারভীন, প্রচার ও প্রকাশনা সম্পাদক আবু লায়েছ লাবলু, নির্বাহী কমিটির সদস্য নিলুফার বানু, মোমিনুল হক, আবুল হাসেম, সাদিকুজ্জামান সেন্টু প্রমুখ।

অনুষ্ঠান শেষে কবিতা পাঠের মধ্য দিয়ে উৎসবমুখর পরিবেশে ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন শেষ হয়।

স্বৈরাচর পতন দিবস উপলক্ষে গাংনীতে আয়োজন হবে বিরাট

জনসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

স্বৈরাচার পতন দিবস উপলক্ষে আগামী ৫ই আগস্ট গাংনীতে বিজয় র্যালী সফল করতে রবিবার বিকালে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলুর অফিস কক্ষে দলীয় নেতাকর্মীদের নিয়ে এই প্রস্তিতি সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতিমূলক সভায় মেহেরপুর জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান। প্রস্তুতিমূলক সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জাসাসের গাংনী পৌর কমিটির সাধারণ সম্পাদক ও ২ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক সুলেরী আলভী, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হোসাইন, রায়পুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলাম, মটমুড়া ইউনিয়ন নির্বাচনের চেয়ারম্যান প্রার্থী সালমান শেখ কালু, যুবদল নেতা সাহিবুল ইসলাম, গাংনী পৌর কৃষকদলের আহবায়ক আমিনুল ইসলামসহ বিএনপির অঙ্গ ও সহযোগি সংগঠনের নেতাকর্মীরা।

৫ জুলাই পতিত স্বৈরাচার সরকারের পতন দিবস উপলক্ষে গাংনী উপজেলা ও পৌর বিএনপির আয়োজন করবে বিরাট র্যালি জনসভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এলক্ষে আজ থেকেই গাংনী উপজেলা ও পৌর বিএনপি ও সকল সহযোগী সংগঠনের নেতৃবৃন্দের প্রতি আহবান জানান আসাদুজ্জামান বাবলু ও মেহেরপুর জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান।

মেহেরপুরে ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের বাংলা

নববর্ষ পালন

মেহেরপুর জেলার ঐতিহ্যবাহী সংগঠন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের আয়োজনে গতকাল সোমবার বিকেলে বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষে আলোচনা সভা ও কবিতা আবৃত্তি অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর প্রেসক্লাবে অনুষ্ঠিত আলোচনা সভা ও কবিতা আবৃত্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সভাপতি অ্যাডভোকেট এম. আনোয়ার হোসেন।

বক্তব্য রাখেন সংগঠনের সহ-সভাপতি ডা. এম. এ. বাসার, নুরুল আহমেদ, রফিকুল আলম এবং নাট্য সম্পাদক সাইদুর রহমান প্রমুখ।

সংগঠনের সাধারণ সম্পাদক মেহের আমজাদের সঞ্চালনায় কবিতা আবৃত্তিতে অংশগ্রহণ করেন কবি এস. এম. এ. মান্নান, আবুল লায়েস লাভলু, নিলুফার বানু, শহিদুল ইসলাম কানান, ফাতেমা ফিরোজ, সাদেকুজ্জামান সেন্টু, রফিকুল ইসলাম, লিয়াকত হোসেন, আবুল হাশেম, মহিবুল ইসলাম প্রমুখ।

মুজিবনগরে বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

মুজিবনগরে ইসলামিক সংস্কৃতির নান্দনিক বিকাশ ও নৈতিকতা সমৃদ্ধ সমাজ গঠনের লক্ষ্যে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল হিফজ-এর বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে মাদ্রাসা প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে গত মঙ্গলবার অনুষ্ঠিত ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক আনোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান ও মাদ্রাসার পরিচালক সোহেল রানা এবং প্রিন্সিপাল বায়জিদ হোসেন।

৪৫টি ইভেন্টে মুজিবনগর আইডিয়াল মাদ্রাসা ও দারুল হিফজের প্রায় সাড়ে চারশত ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা অংশগ্রহণ করেন।

এ সময় মাদ্রাসার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।